



ডা: হীরেশ রঞ্জন ভৌমিক, মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর হিসাবে গত ০৬ই আগস্ট, ২০১৮ ইং তারিখে দায়িত্বভার গ্রহন করেন। তিনি ১৫ই নভেম্বর, ১৯৬০ সালে নরসিংদী জেলার রায়পুরা উপজেলাধীন আনরাবাদ গ্রামের সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহন করেন।

ডা: হীরেশ ১৯৮২ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে ডিভিএম (ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন) ডিগ্রী অর্জন করেন। এছাড়াও তিনি জার্মানী থেকে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী সম্পন্ন করেন। তিনি গত ২৬'মে জুন, ১৯৮৪ সালে হবিগঞ্জ জেলার লাখাই উপজেলার লাইভস্টক অফিসার হিসেবে কর্মজীবন শুরু করেন। নতুন পদে যোগদানের পূর্বে তিনি প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক (সম্প্রসারণ) হিসাবে দায়িত্ব পালন করেন।

ডা. হীরেশ কর্মজীবনে দেশে বিদেশের বিভিন্ন প্রশিক্ষণ এবং বাস্তব অভিজ্ঞতা হতে অর্জিত প্রাণিসম্পদ খাতের উন্নয়ন কাজে ব্যবহার করছেন।

তঁার দক্ষ, যোগ্য নেতৃত্বের মাধ্যমে দেশের উন্নয়ন অগ্রযাত্রায় প্রাণিসম্পদ অধিদপ্তরকে আরও গতিশীল করবে বলে আমরা প্রত্যাশা করি। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং একপুত্র ও এক কন্যা সন্তানের জনক।